

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-২৬৪৩  
আগরতলা, ৬ ফেব্রুয়ারি, ২০২৫

**খুমলুঙের প্রিন্সিপাল অফিসার ভবনে হেল্প ডেস্কের সূচনা  
পরিবেশ সুরক্ষায় জনগণকে অনুপ্রাণিত করতে  
সরকার উদ্যোগ নিয়েছে : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী**

খুমলুঙস্থিত টিটিএডিসির প্রিন্সিপাল অফিসার ভবনে আজ ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের উদ্যোগে একটি হেল্প ডেস্কের সূচনা করা হয়। এর মাধ্যমে পরিবেশ সংক্রান্ত বিভিন্ন তথ্য প্রদান, সরকারি ও বেসরকারি স্বাস্থ্য পরিষেবা কেন্দ্র, শিল্প পরিচালনার জন্য কনসেন্ট সার্টিফিকেট পাওয়ার আবেদন করার ক্ষেত্রে এবং পরিবেশ সংক্রান্ত বিভিন্ন সমীক্ষা ও অভিযোগগুলি লিপিবদ্ধ করতে সহায়ক হবে।

আজ হেল্প ডেস্কের সূচনা করে বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের মন্ত্রী অনিমেষ দেববর্মা বলেন, পরিবেশ সুরক্ষায় জনগণকে অনুপ্রাণিত করতে সরকার উদ্যোগ নিয়েছে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য পরিবেশ সুরক্ষায় সরকার দায়বদ্ধ। জনগণের সুবিধার্থেই এই হেল্প ডেস্ক স্থাপন করা হয়েছে। তিনি বলেন, আগামীদিনে খুমলুঙে একটি এয়ার কোয়ালিটি মনিটরিং স্টেশন স্থাপন করা হবে।

অনুষ্ঠানে টিটিএডিসির মুখ্য কার্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া বলেন, জনগণ যদি হেল্প ডেস্কের সঠিক ব্যবহার করতে পারে তাহলে তারা লাভবান হবেন। এছাড়া বক্তব্য রাখেন বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ বিভাগের কার্যনির্বাহী সদস্য অনন্ত দেববর্মা ও প্রিন্সিপাল অফিসার সুধন দেববর্মা, মুখ্য কার্যনির্বাহী আধিকারিক চন্দ্রকুমার জমাতিয়া প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের অধিকর্তা মহেন্দ্র সিং এবং ধন্যবাদসূচক বক্তব্য রাখেন রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের সদস্য সচিব ড. বিশু কর্মকার।

\*\*\*\*\*